

<p>৫। সকল শিক্ষকের বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিতকরণ</p>	<p>উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়ে ক্রাস্টার ডিভিক হোয়াটস এপ গ্রুপ খোলা হবে। সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারগণ উক্ত গ্রুপের এডমিন হবেন। বিদ্যালয়ের সকল শিক্ষক উপস্থিত আছেন কি না তা তিনি দৈনন্দিন শক্তিতে গ্রুপ কলের মাধ্যমে জানেবন এবং তার উর্গতনকে জানাবেন।</p>
<p>৬। উন্নয়নমূলক কাজ তদারকি</p>	<p>উপজেলা প্রকৌশলী, উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর তাদের মাধ্যমে বাস্তবায়নধীন কার্যক্রম গুলির জন্য</p> <p>ক) প্রধান শিক্ষককে প্রাকালন প্রদান করবেন।</p> <p>খ) কাজ শুরুর পূর্বে ঐ কাজটির বেসিক নিয়মগুলো নিয়ে উপজেলা শিক্ষা অফিসার, এসএমসি, পিটিএ এর শিক্ষকগণ তাৎক্ষনিক ব্রিফিং দেবেন।</p> <p>গ) বাস্তবায়নকারী যেন কাজ বাস্তবায়নকারী কর্তৃপক্ষের কথা গুরুত্ব সহকারে শুনেন এবং ব্যবস্থা গ্রহণ করেন তা নিশ্চিত করবেন</p> <p>ঘ) উল্লেখিত বিষয়গুলো উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাক্টর এবং প্রধান শিক্ষকগণ বাস্তবায়ন করবেন এবং জেলা ট্রাঙ্ক ফোর্সকে রিপোর্ট দিবেন।</p>
<p>৭। বেসরকারি প্রাথমিক বিদ্যালয় মনিটরিং</p>	<p>যে সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এখন পর্যন্ত রেজিস্ট্রেশন করেননি তাদেরকে দ্রুত রেজিস্ট্রেশনের ব্যবস্থা করতে হবে এবং তাদের প্রতিষ্ঠানের প্রধানগণকে নিয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ দ্রুত সভা করবেন। উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে উক্ত সভায় আমন্ত্রণ জানাবেন।</p>
<p>৮। উপানুষ্ঠানিক লার্নিং সেন্টারের কার্যক্রম তদারকি</p>	<p>সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো</p> <p>তিনি উপজেলাভিত্তিক লার্নিং সেন্টারের তালিকা কমিটিকে সরবরাহ করবেন, কমিটির সদস্যবৃন্দ সেগুলো পরিদর্শন করবেন।</p>